# শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ১১৩. বাতিল গ্রহণের উদ্দেশ্যে মিথ্যার সাথে সত্যের মিশ্রণ ঘটানো

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

বাতিলের সাথে হক্কের মিশ্রণ।

ব্যাখ্যা: বাতিলের সাথে হক্কের মিশ্রণ ঘটানোই কাফির, জাহিল ইয়াহুদী-খ্রিষ্টান ও অন্যান্যদের অভ্যাস। এখানে (اللَّبْسُ) এর অর্থ হলো মিশানো। বাতিল প্রচারের উদ্দেশ্যে জাহিলরা এর সাথে হক্কের মিশ্রণ ঘটাতো। কেননা, শুধু বাতিল প্রচার করলে কেউ তা গ্রহণ করবে না। কিন্তু বাতিলের সাথে হক্ক মিশালে তা মু'মিনদেরকে ধোঁকা দেয়া যায়, যাতে এক নযরেই তারা বাতিল গ্রহণ করে বলতে পারে, এখানে হক্ক আছে। অতঃপর তারা হক্ক-বাতিল সম্পূর্ণটাই গ্রহণ করবে। মানুষ যদি হক্ককেই গ্রহণ করতো আর বাতিল প্রত্যাখ্যান করতো তাহলেই উত্তম হতো। কিন্তু হক্ক-বাতিল সম্পূর্ণভাবে গ্রহণ করাটাই তাদের ভুল। কোন জিনিসের বাহ্যিক অবস্থার উপর ভিত্তি না করে তা যাচাই-বাছাই ও পরখ করে গ্রহণ করা চিন্তাশীল ও সুস্থবিবেক-বুদ্ধিসম্পন্নদের উপর আবশ্যক। তাতে হক্ক পাওয়া গেলে তা গ্রহণ করবে এবং বাতিল পেলে তা বর্জন করবে।

কাফেরেরা কখনো হক্কের আলোচনা করে, তা হক্কের প্রতি আগ্রহ ও ভালবাসার কারণে নয়। বরং বাতিল প্রচারের উদ্দেশ্যেই তারা তা করে থাকে। এ বিষয়ে সতর্ক থাকা ওয়াজীব। আরো আবশ্যক যে, বিভিন্ন বিষয়ে পর্যালোচনা করা এবং প্রকাশ্যে হক্কের চাকচিক্য দেখেই তা কবুল করার জন্য ত্বরান্বিত না হওয়া যতক্ষণ না হক্ক যাচাই-বাছাই ও পরখ করা হয়। তাতে হক্ক পাওয়া গেলে তা গ্রহণ করে বাতিলকে প্রত্যাখ্যান করতে হবে। বিদ্বান ও দূরদর্শীরা এটাই শিক্ষা দিয়ে থাকেন।

অপরদিকে সাধারণ, জাহিল ও কম বুদ্ধিসম্পন্নরা এসব বিষয়ে প্রতারিত হয় ও ধোঁকায় পড়ে। তাই বিদ্বানদের নিকট থেকে হক্ক জেনে নেয়া এবং তা গ্রহণের পূর্বে দূরদর্শীদের কাছে পরামর্শ চাওয়া তাদের উপর আবশ্যক; যাতে মিথ্যা-ভেজাল থেকে মুক্ত থাকা যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9078

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন